দৈনিক আমাদের সময়

তারিখ 10 APR 2018
পৃষ্ঠা 2 কলাম 7

সম্পাদকদের সঙ্গে বৈঠক শেষে অর্থমন্ত্রী

# বেসরকারি বিশ্ববিদ্যালয় থেকে ভ্যাট নেওয়া হবে

নিজস্ব প্রতিবেদক ●
আগামী অর্থবছরের বাজেটে বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর ওপর ভ্যাট বসানো হবে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। তিনি বলেন, এই ভ্যাট বিশ্ববিদ্যালয় মালিকরা শিক্ষার্থীদের কাছ থেকে কীভাবে আদায় করবে, সেটি তাদের ব্যাপার।

গতকাল সন্ধ্যার পর রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মায় সংবাদপত্রের সম্পাদক ও ইলেকট্রনিক মিডিয়ার প্রধান নির্বাহী কর্মকর্তাদের সঙ্গে বৈঠকের পর সাংবাদিকদের তিনি একথা বলেন। ইংরেজি দৈনিক দ্য ডেইলি স্টার সম্পাদক মাহফুজ আনাম, প্রথম আলো সম্পাদক মতিউর রহমান, বিডিনিউজ২৪ডটকম সম্পাদক তৌফিক ইমরোজ খালিদীসহ বিভিন্ন গণমাধ্যমের শীর্ষ নির্বাহীরা বৈঠকে উপস্থিত ছিলেন। গত অর্থবছর বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোতে ভ্যাট আরোপ করেছিল সরকার। তবে আন্দোলনের মুখে পরে তা প্রত্যাহার করতে হয়েছে।

সংবাদপত্র শিল্পে ব্যবহৃত নিউজপ্রিন্ট আমদানির ওপর বিদ্যমান কর ও ভ্যাট পর্যালোচনা করা হবে জানিয়ে মুহিত বলেন, বর্তমানে নিউজপ্রিন্ট আমদানির ওপর অগ্রিম আয়কর (এআইটি) ৫ শতাংশ, ভ্যাট ১২ শতাংশ ও ৫ শতাংশ কর রয়েছে। এর মধ্যে এআইটি ৫ শতাংশ অপরিবর্তিত রেখে ভ্যাট ও কর পর্যালোচনা করে সমন্বয় করা হবে। সব ক্ষেত্রেই করপোরেট করহার কমানো হবে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..........
তারিখ..........

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এম.পি বিভাগ | |
| সিস্টেম ম্যানেজার | |
| সিনিয়র সিস্টেম এনালিষ্ট | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/অবগত্যর্থে

স্বাক্ষর